করোনায় আক্রান্ত হয়ে মেহেরপুরের মুক্তিযোদ্ধা লালার মৃত্যু

করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন মেহেরপুরের বীর মুক্তিযোদ্ধা লুৎফর রহমান লালা। আজ ভোরে শেখ রাসেল গ্যসেট্রালিভার ইনিস্টিটিউট ও হাসপাতালে তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্নালিল্লাহি রাজিউন)।

তাঁর পারিবরিক সূত্রে জানা যায়, গত ২৩ তারিখ মঙ্গলবার ধানমন্ডির ইডেন মাল্টিকেয়ার হাসপাতালে কোভিড-১৯ পজেটিভ রিপোর্ট পাওয়া যায়। বুধবার অবস্থার অবনতি হলে তাকে শেখ রাসেল গ্যসেট্রালিভার ইনিস্টিটিউট নেয়া হয়। সেখানে লাইফ সাপোর্টে থাকাকালীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন।

মরহুমের নামাজে জানাজা মহম্মদপুর সাত মসজিদ প্রাঙ্গনে অনুষ্ঠিত হয়েছে আজ সকাল ১১টায়। বীরমুক্তিযোদ্ধাকে মহম্মদপুর ঢাকা প্রশাসন রাষ্ট্রীয়মর্যাদা প্রদান করে মহম্মদপুর বুদ্ধিজীবী কবরস্থানে দাফন করা হয়।

তিনি মুক্তিযুদ্ধের ৮নং সেক্টরের সেক্টটর কমান্ডার মেজর এম মঞ্জুরের অধীন মুক্তিযুদ্ধে অংশগ্রহন করেছিলেন।

তাঁর যুদ্ধের সংক্ষিপ্ত বিবরণে জানা যায় তিনি বৈদ্যনাথতলা (মুজিবনগর) এবং চুয়াডাংগা মেহেরপুর সংযোগ ব্রীজটি তিনি নিজ হাতে ধ্বংস করেন। মরহুম তার স্ত্রী ও দ্ইু কন্যা রেখে গেলেন।

মুজিবনগরে গণহত্যা দিবসের

আলোচনা সভা

বাংঙ্গালী জাতির ভয়াবহ রাত ২৫ মার্চ সেই কালো রাত কে স্বরণ করতে কালো রাত্রির শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলী দিয়ে ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২১ উদযাপন উপলক্ষে আলোচনা সভা করেছে মুজিবনগর উপজেলা প্রশাসন।

বৃস্পতিবার সকালে উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার এর সভাপতিত্বে এবং উপজেলা সমাজ সেবা অফিসার আব্দুর রব এর সঞ্চালনায় উপজেলা পরিষদ মিলনয়াতনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
আলোচনা সভায় ২৫ শে মার্চ এর স্মৃতি চারণ করে বক্তব্য রাখেন উপজেলা সহকারি কমিশনার ভৃমি নাজমুল আলম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব কুমার কুন্ড।
উপস্হিত ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলাম,উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা: মোহা: নজরুল ইসলাম, আনসার ভিডিপি কর্মকর্তা ফেরদৌসী আরা, বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খাঁন সহ উপজেলার বীর মুক্তিযোদ্ধা ও উপজেলার কর্মকর্তাবৃন্দ।

গাংনীতে ২৫ শে মার্চ গণহত্যা দিবসে আলোচনা সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলা প্রশাসনের উদ্যোগে ২৫ শে মার্চ গণ হত্যা দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১০ টার সময় উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজ। এসময় প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, বিশেষ আলোচক সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন।

গাংনী থানার অফিসার ইন্চার্জ বজলুর রহমান সাবেক মুক্তিযোদ্ধা

কমান্ডার মুনতাজ আলী, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতুসহ সাংবাদিকবৃন্দরা উপস্থিত ছিলেন। আলোচনায় ১৯৭১ সালের ২৫ শে মার্চ কাল রাত্রের সেই হত্যাযজ্ঞ ও নিষ্ঠরতার বিষয় তুলে ধরা হয়।

গাংনীতে মোটরসাইকেল থেকে পড়ে বৃদ্ধ নিহত

লাশ দাফনে অংশ নিতে যাওয়ার পথে ওমর আলী (৭০) নামের এক বৃদ্ধ মোটরসাইকেল থেকে পড়ে নিহত হয়েছেন। আহত হয়েছেন নিহত ওমর আলীর বড় ছেলে নজরুল ইসলাম (৫০)। তাদের বাড়ি মেহেরপুরের গাংনী উপজেলার চিৎলা গ্রামে। বৃহস্পতিবার বেলা ১১ টার সময় শানঘাট বাজারে এ দুর্ঘটনা ঘটে।
আহত নজরুল ইসলাম জানান, তারা পিতা পুত্র দু’জন মোটরসাইকেল যোগে চুয়াডাঙ্গার আসমানখালী গ্রামে একটি দাফন কাজে অংশ গ্রহন করতে যাচ্ছিলেন। শানঘাট বাজারে পৌছালে ইট বোঝাই ট্রলিকে সাইড দিতে তারা দু’জনই ছিটকে পড়ে আহত হন। স্থানীয়রা তাদের উদ্ধার করে গাংনী উপজেলা স্থাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক ওমর আলীকে মৃত ঘোষনা করেন। আহত নজরুল ইসলামকে প্রাথমিক চিকিৎসা দিয়ে কুষ্টিয়া মেডিকেল হাসপাতালে রেফার্ড করা হয়।
গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বজলুর রহমান, দুর্ঘটনার বিষয়টি জেনে ঘটনা স্থলে পুলিশ পাঠানো হয়েছে। তারা নিজেরাই একটি গাড়িকে সাইড দিতে গিয়ে পড়ে যায়। এ বিষয়ে আমাদের কাছে কোনো অভিযোগ আসেনি।

মেহেরপুরে গাঁজা রাখার দায়ে এক

ব্যক্তির জেল

মেহেরপুরে গাঁজা রাখার দায়ে আজিজুল (৫৩) নামের এক ব্যক্তিকে ৩ মাসের কারাদন্ড দিয়েছে ভ্রাম্যমান আদালত। সেই সাথে ২শ টাকা অর্থদন্ডও করা হয়। বুধবার দুপুরের দিকে মেহেরপুর জেলা প্রশাসনের সহকারী কমিশনার সবিতা সরকার এই ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন।

দন্ডিত অজিজুল ইসলাম মেহেরপুর শহরের ফৌজদারি পাড়ার আমির শেখের ছেলে।
এর আগে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আব্দুল মান্নানের নেতৃত্বে অভিযান চালিয়ে তাকে গাঁজাসহ আটক করা হয়।

এ সময় গাঁজা রাখার অভিযোগ প্রমাাণিত হওয়ায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৯ ধারা ভঙ্গ করার অপরাধে একই আইনের ২১ ধারায় ৩ মাসের কারাদন্ড ও ২শ টাকা জরিমানা করে ভ্রাম্যমান আদালত।

মেপ্র/এমএফআর

ঝিনাইদহে ফ্যাশান ব্রান্ড বন্ড ক্লোথিং হাউজ’র যাত্রা শুরু

ঝিনাইদহে ফ্যাশান ব্রান্ড বন্ড ক্লোথিং হাউজ’র যাত্রা শুরু করেছে। গতকাল মঙ্গলবার বিকেলে শহরের এইচএসএস সড়কের পৌরসভার বিপরীতে এই ফ্যাশান হাউজের উদ্বোধন করেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু।
এ সময় উপস্থিত ছিলেন, বন্ড ক্লোথিং হাউজ এর চেয়ারম্যান রবিউল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মাদ মিজান, ঝিনাইদহ প্রেস ক্লাব এর সভপতি এম রায়হান। অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন সিনিয়র সাংবাদিক জাহিদ হাসান বিপ্লব ও ইশতিয়াক মাহমুদ পাভেল।
বন্ড ক্লোথিং হাউজ’র কর্মকর্তারা জানান, নান্দনিক ও রুচিশীল

পোশাকের কারণে এই প্রতিষ্ঠানটি দেশের বিভিন্ন স্থানে সুনাম অর্জন করেছে। এখন থেকে ঝিনাইদহেও সাশ্রয়ী মূল্যে পছন্দের পোশাক কিনতে পারবেন জেলাবাসী।

মেহেরপুরে ফায়ার সার্ভিসের অগ্নি নির্বাপক মহড়া

মেহেরপুর যুব উন্নয়নে ফায়ার সার্ভিসের অগ্নি নির্বাপক মহড়া অনুষ্টিত হয়েছে।
গতকাল মঙ্গলবার সকালে মেহেরপুর যুব উন্নয়নের মাঠে মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের উপ-সহকারী পরিচালক শারফুল আহসান ভূঁইয়া নেতৃত্বে এই মহড়ার আয়োজ করা হয়।

এ সময় তিনি বলেন, বিভিন্ন সময়ে বহুতল ভবনে যদি কোথাও কোনো অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে তাহলে সেটি দ্রুত কিভাবে নেভানো যায়, তার জন্য মহড়ার ব্যবস্থা করা হয়েছে। জানমালের ক্ষয়-ক্ষতির পরিমাণ কিভাবে কমানো যায় এবং এ বিষয়ে আরো সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মহড়া অনুষ্ঠিত হয়।
মেহেরপুর যুব উন্নয়নের ফ্রিজিং বিভাগের ছাত্র মাসুম বিল্লাহ মেহেরপুর প্রতিদিন কে জানায়, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স জাতির কল্যাণে অপরিসীম অবদান রাখছে। তারা জীবনের ঝুঁকি নিয়ে সাধারণ মানুষের জানমাল রক্ষার লড়াই চালিয়ে যাচ্ছে। এ মহড়া থেকে আমরা অনেক কিছু শিখতে পেরেছি। আমরা সচেতন হয়েছি। আমাদের সবার বাড়িতেই এখন গ্যাসে রান্না করে এবং ওই গ্যাস থেকে বিভিন্ন সময় দুর্ঘটনা ঘটে, আজ আমরা স্বচক্ষে দেখতে পেলাম এবং হাতে কলমে শিখতে পেলাম যে কি করে একটি গ্যাসের সিলিন্ডারে আগুন লাগলে সেটি নিয়ন্ত্রণে আনতে পারি।

মহড়া চলাকালিন কৃত্রিম পদ্ধতিতে অগ্নিকাণ্ড সৃষ্টি করা হয় এবং ফায়ার সার্ভিসের কর্মীরা প্রয়োজনীয় উপকরণ নিয়ে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে। অগ্নিকাণ্ডের ফলে ভবনে আটকে পড়াদের উদ্ধার এবং তাদের হাসপাতালে পাঠাতে পৃথম পৃথক টিম কাজ করে। এছাড়া ভবন থেকে

ঝাঁপ দিয়ে বাঁচার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়।

এ সময় আরও উপস্থিত ছিলেন স্টেশন অফিসার অমিয় কুমার বিশ্বাস, লিডার রুহুল আমিন, লিডার রবিউল ইসলামসহ প্রতিষ্ঠানের শিক্ষার্থী বৃন্দ।

মুজিবনগরে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে সাংস্কৃতি অনুষ্ঠান

মুজিবনগরে জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানে জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সূবর্ণজয়ন্তী পালন উপলক্ষে পুরস্কার বিতরণ ও সাংস্কৃতি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।
জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন আনুষ্ঠানিক ভাবে সাংস্কৃতি অনুষ্ঠানের উদ্বোধন করেন।
এ সময় ইউপি সদস্য আনারুল ইসলাম, দিলিপ মল্লিক, কাজী কোমর উদ্দীন সেলিম, ফেরদৌস আলী মেন্তা, সংরক্ষিত মহিলা সদস্য শাহিনুর খাতুন প্রমুখ উপস্থিত ছিলেন।
এর আগে ম্যারাথন দৌড়ে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।
এবং ২য় ধাপে করোনা ভাইরাস প্রতিরোধে উপস্থিত জনগণের মাঝে মাস্ক বিতরণ করা হয়।

সুবাহ্ সামাজিক উন্নয়ন সংস্থার

৩৫ জন শিক্ষার্থীর মাঝে বৃত্তি প্রদান

বাংলাদেশ এনজিও ফাউণ্ডেশন এর অর্থায়নে দরিদ্র ছাত্র/ছাত্রীদের বঙ্গবন্ধু-বিএনএফ শিক্ষা বৃত্তি প্রদান কর্মসূচী আওতায় সুবাহ সামাজিক উন্নয়ন সংস্থার বাস্তবায়নে, আজ সুবাহ আমঝুপি কেন্দ্রীয় কার্যালয়ে ১২ তম উপবৃত্তি বিতরণ অনুষ্ঠানে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মেধা ভিত্তিক ৩৫ জন ছাত্র ছাত্রীর মাঝে উপবৃত্তি আনুষ্ঠানিক ভাবে বিতরন করা হয়। অনুষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তি বিতরন করেন প্রধান অতিথি প্রফেসর হাসানুজ্জামান মালেক। অনষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন আগামী প্রজন্মকে শুধু শিক্ষাগত যোগ্যতা অর্জন করলে হবে না অবশ্যই দেশের ইতিহাস কৃষ্টি সংস্কৃতি প্রতিবেশ পরিবেশ রাষ্ট্রীয় নেতা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্ম জীবনি পড়তে হবে। জ্ঞানের পরিধি বৃদ্ধি করতে শিক্ষার পাশাপাশি সামাজিক সার্বিক জ্ঞান অর্জন করতে হবে পড়ার মাধ্যমে। শুধু শিক্ষায় নয় দিক্ষা ও নিতে হবে এবং নিজেকে দক্ষ হিসেবে গড়ে তুলতে হবে।

আজকে অনুষ্ঠিত উপবৃত্তি বিতরন অনষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রফেসর হাসানুজ্জামান মালেক সভাপতি, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ মেহেরপুর, বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন প্রভাষক সাইদুর রহমান, সাধারণ সম্পাদক জেলা শিল্পকলা একাডেমী মেহেরপুর, রুহুল কুদ্দুস টিটো সাবেক সভাপতি মেহেরপুর প্রেস ক্লাব, মখলেচুর রহমান খোকন দপ্তর সম্পাদক জেলা আওয়ামীলীগ মেহেরপুর, অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মঈন-উল-আলম নির্বাহী পরিচালক, সুবাহ সামাজিক উন্নয়ন সংস্থা, আমঝুপি, মেহেরপুর।

মেহেরপুরে বাউল সম্রাট লালন

শাহের ১৩১ তম তিরোধান পালন

মেহেরপুরে বাউল সম্রাট লালন শাহের ১৩১ তম তিরোধান উপলক্ষে দুই দিনব্যাপী লালন স্মরণোৎসব এর উদ্বোধন করা হয়েছে।
গতকাল সোমবার সন্ধ্যায় মেহেরপুর আমঝুপির চাঁদবিল মায়েরদান শান্তি আশ্রমে অনিল গোসাই এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসিবে উপস্থিত ছিলেন আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দীন আহম্মেদ।

এসময় লালনগীতি ও লালনের জীবন কাহিনী তুলে ধরা হয়।
এসময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর সরকারি কলেজের সহকারি অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু, মেহেরপুর প্রেস ক্লাবের সাধারণ সাম্পাদক আল আমিন, বাড়িবাঁকা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাশ্বত নিপ্পন চক্রবর্তী, আমঝুপি শ্মশানঘাট পূজা কমিটির সাধারণ সম্পাদক উত্তম কুমার সহ বিভিন্ন স্থান থেকে আসা ভক্তবৃন্দুরা উপস্থিত ছিলেন।

এসময় অনুষ্টানটির সঞ্চালনায় ছিলেন, ডেইলি অবজারভার, গাজী টিভি, দৈনিক সংবাদ এর মেহেরপুর জেলা প্রতিনিধি, রফিকুল আলম।